দৈনিক সংবাদ

তারিখ ...12 OCT 1991 ...
পৃষ্ঠা... ৫ ...কলাম ৩...

# চাঁদপুর সরকারী কলেজে ৩৯টি শিক্ষকের পদ শূন্য

চাঁদপুর, ১১ই অক্টোবর (সংবাদদাতা)।– চাঁদপুর সরকারী কলেজটিতে শিক্ষক সমস্যার কারণে, ছাত্রছাত্রীদের নিয়মিত ক্লাস নেয়া এখন কঠিন হয়ে পড়েছে।

১৯৮০ সালের ১লা মার্চ চাঁদপুর কলেজকে সরকারীকরণ করা হয়। বর্তমানে এই কলেজটিতে ৮০ জন শিক্ষকের মধ্যে মাত্র ৪১ জন শিক্ষক কর্মরত রয়েছেন। দীর্ঘদিন ধরে বাকী ৩৯টি শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। কলেজটির কোন বিভাগেই পর্যাপ্ত শিক্ষক নেই। ইসলামের ইতিহাস বিভাগে শিক্ষক রয়েছেন মাত্র ১ জন। শিক্ষক স্বল্পতার কারণে স্নাতক পর্যায়ে এই বিভাগের বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল হয়ে গেছে। কলেজের আরবী ও ইসলামী শিক্ষা বিভাগেও মাত্র ১ জন শিক্ষক রয়েছেন।

১৯৮৫ সালের ১০ই নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি পাবার পরও শুধুমাত্র শিক্ষকস্বল্পতার কারণে হিসেব বিজ্ঞান, বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান— এই চারটি বিষয়ে অনার্স কোর্স চালু করা যাচ্ছে না।

শিক্ষকস্বল্পতার বিষয়টি বারবার মন্ত্রণালয় ও শিক্ষা বিভাগকে অবহিত করেও কোন ফল মেলেনি বলে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন।

34